-০১-

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রমিক নং ০১। বোপাউপ্ল্যার ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০২। আলোচ্য কাজের সরবরাহকারী প্রতিষ্ঠানের কোটেশন।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ "শান্তি" বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ডাবল কেবিন পিক-আপ ঢাকা মেট্রো ঠ-১১-৮৪৭৭ গাড়ী মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৩ দেখা যেতে পারে। বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের জন্য বরাদ্দকৃত ডাবল কেবিন পিক-আপ ঢাকা মেট্রো ঠ-১১-৮৪৭৭ গাড়ীটি বরাদ্দ পাওয়ার পর হতে অতি পুরাতন হওয়ায় বিভিন্ন ধরণের ত্রুটি পরিলক্ষিত হয়। বিভিন্ন যন্ত্রাংশ পুরাতন হয়ে যাওয়ায় মাঝে মাঝে চলন্ত অবস্থায় বন্ধ হয়ে যায়। তাই গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠানের একজন দক্ষ টেকনিশিয়ান দ্বারা গাড়ীটি সার্ভে করা হয়। সার্ভেতে গাড়ীর মাস্টার সিলিন্ডার ডায়নামো সেল্ফ স্টাটার গ্যাস লাইন বাম্পার ইলেকট্রিক লাইন ঠিকমত কাজ করছে না। তাই গাড়ীটি চালু রাখার স্বার্থে মেরামত করা প্রয়োজন। সেই প্রেক্ষিতে সার্ভের আলোকে সরবরাহকারী প্রতিষ্ঠানে নিকট হতে কোটেশন সংগ্রহ করা হয়। উক্ত কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে অর্থের পরিমাণ ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার Vehicle Maintenance কোড (০১-০৪-০১৭) খাতের আওতায় ক্রমিক নং ৬৬ হতে নির্বাহ করা যেতে পারে।

০২। এমতাবস্থায় প্ল্যান্টের কাজের স্বার্থে "শান্তি" বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ডাবল কেবিন পিক-আপ ঢাকা মেট্রো ঠ-১১-৮৪৭৭ গাড়ীটি মেরামত কাজ করার লক্ষ্যে ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র খাতের খরচ পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৬ এবং বিধিমালা ২০২৫ এর ১০০(১) বিধিতে সরাসরি নগদ ক্রয় হিসাবে অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রকৃত ভাউচারের মাধ্যমে উক্ত অর্থ সমন্বয় করা হবে।

MB/ PM

১৭/০২/২৬
মোঃ মাহবুবুর রহমান
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
বোপাউপ্ল্যা, ঢাকা ওয়াসা।

১৭/০২/২৬
মোঃ জহির উদ্দিন বাবর
রসায়নবিদ
বোপাউপ্ল্যা, ঢাকা ওয়াসা।

16/02/26
শাহেদা ইসলাম
মাইক্রোবায়োলজিস্ট
বোপাউপ্ল্যা, ঢাকা ওয়াসা।

মোঃ আজিমুজ্জামান
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্ল্যা, ঢাকা ওয়াসা

০৬। প্রস্তাব অনুমোদিত

19/02/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

PM/BWPP

M(G)
22/02/26
প্ল্যান্ট ম্যানেজার
"শান্তি" প্ল্যান্ট, ঢাকা ওয়াসা।